**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শিক্ষা-জ্ঞানবৃদ্ধির সাথে সাথে আর্থ সামাজিক মানোন্নয়নেও প্রধান ভূমিকা পালন করে ।**

**(২) লামডিং-বদরপুর রুটে আজ পুনরায় ট্রেন চলাচল শুরু হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ঘোষণা করেছেন ত্রিনিদাদ ও টোবাগোতে বসবাসকারী ভারতীয় বংশোদ্ভূত ষষ্ঠ প্রজন্মের নাগরিকরা এখন থেকে ওভারসিজ সিটিজেন অফ ইন্ডিয়া কার্ডের জন্য যোগ্য হবেন।**

**(৪) আগামীকাল জগন্নাথ দেবের পুন: রথযাত্রা উৎসব বা উল্টো রথ ।**

***********************************

**CM-Rabindra Bhawan :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শিক্ষা-জ্ঞানবৃদ্ধির সঙ্গে সঙ্গে আর্থ সামাজিক মানোন্নয়নেও প্রধান ভূমিকা পালন করে। সমগ্র শিক্ষা দপ্তর ও এস.সি.ই.আর.টি-র যৌথ উদ্যোগে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা স্কুল কোয়ালিটি এসেসমেন্ট এন্ড একরেডিটেশন ফ্রেমওয়ার্কের সূচনা করে তিনি একথা বলেন। তিনি বলেন, ত্রিপুরা স্কুল কোয়ালিটি এসেসমেন্ট এন্ড একরেডিটেশন ফ্রেমওয়ার্ক রাজ্যের শিক্ষাক্ষেত্রে নতুন দিগন্তের সূচনা করবে। এই পদ্ধতি প্রতিটি বিদ্যালয়ে শিক্ষার মান উন্নত করবে এবং সেই অনুযায়ী বিদ্যালয়গুলিকে পুরস্কৃত করা হবে।

# # # # # # # Byte-CM # # # # # # # #

অনুষ্ঠানে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার বলেন রাজ্য শিক্ষা দপ্তর নতুন শিক্ষানীতির সমস্ত নিয়মবলী পালন করে শিক্ষা ক্ষেত্রে নতুন নতুন পদ্ধতি চালু করছে। অনুষ্ঠানে ছিলেন মাধ্যমিক শিক্ষা অধিকর্তা এন সি শর্মা ও এসবিআই ফাউন্ডেশনের সিই ও সঞ্জয় প্রকাশ প্রমুখ।

******************************

**NF Railway restoration :**

লামডিং-বদরপুর রুটে আজ পুনরায় ট্রেন চলাচল শুরু হয়েছে। পাহাড় লাইনের ডিহাখো-মুপা রেলষ্টেশনের মধ্যবর্তী স্থানে রেল লাইনে পাথর মাটির ধস পড়ায় গতকাল বিকেল থেকে ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়, আজ দ্রুত রেল লাইন পরিষ্কার করার পর ট্রেন চলাচল স্বাভাবিক হয়। আজ সকাল ৯টা ৪২ মিনিটে এই পথ দিয়ে আগরতলা-লোকমান্য তিলক টার্মিনাস এক্সপ্রেস ট্রেনটি অতিক্রম করে।

****************************

**Pakage Story-Kharchi :**

ত্রিপুরার ঐতিহ্যবাহী খার্চী পূজা ও মেলার আজ দ্বিতীয় দিন। এই পূজা ও মেলা একদিকে ধর্মীয়, অন্যদিকে সংস্কৃতির মিশ্রণ; শতবর্ষের ঐতিহ্য, আধুনিক প্রশাসনিক ব্যবস্থা ও সার্বজনীন একাত্মতার প্রতিফলন। প্রতিদিন প্রচুর পুন্যার্থীর সমাগমে জমজমাট মেলা প্রাঙ্গণ। এই নিয়ে একটি প্রতিবেদন।

########VC#######

****************************

**Raj Bhaban Avijan :**

নিয়মিতকরণ, সমকাজে সমবেতন ইত্যাদি বিভিন্ন দাবিতে ত্রিপুরা অনিয়মিত কর্মচারী মঞ্চের ডাকে আজ আগরতলায় মহাকরণ অভিযান সংগঠিত করা হয়। সংগঠনের পক্ষ থেকে একটি মিছিল আগরতলা শহরের বিভিন্ন পথ

পরিক্রমা করে। এরপর অনিয়মিত কর্মচারী মঞ্চের পক্ষ থেকে মুখ্যসচিবের কাছে ডেপুটেশন প্রদান করা হয়।

****************************

**Ek Ped Ma Ke Naam–Tinku Roy :**

এক পেড় মাকে নাম কর্মসূচির অঙ্গ হিসেবে আজ ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ কনজিউমারস ফেডারেশন লিমিটেডের উদ্যোগে আগরতলা দুর্জয়নগর এলপিজি গ্যাস গোডাউন সংলগ্ন এলাকায় বৃক্ষরোপন কর্মসূচির আয়োজন করা হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায়।

******************************

**Nari Samity :**

সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতি অভয়নগর অঞ্চল কমিটির উদ্যোগে যুদ্ধের বিরুদ্ধে শান্তির স্বপক্ষে আগরতলা রাধানগর এলাকায় এক মানব শৃংখল কর্মসূচির আয়োজন করা হয়। এই কর্মসূচিতে নারী সমিতির নেত্রী কৃষ্ণা রক্ষিত যুদ্ধের বিরুদ্ধে সবাইকে সোচ্চার হবার জন্য আহ্বান জানান।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ঘোষণা করেছেন যে ত্রিনিদাদ ও টোবাগোতে বসবাসকারী ভারতীয় বংশোদ্ভূত ষষ্ঠ প্রজন্মের নাগরিকরা এখন থেকে ওভারসিজ সিটিজেন অফ ইন্ডিয়া কার্ডের জন্য যোগ্য হবেন, যার ফলে তারা কোনও বাধা ছাড়াই ভারতে বসবাস এবং কাজ করতে পারবেন।

########Byte-PM########

প্রধানমন্ত্রী শ্রী মোদী পূর্বপুরুষদের ভূমি পরিদর্শন করে ভারতের সঙ্গে তাদের সংযোগ আরও নিবিড় করার জন্য ত্রিনিদাদ ও টোবাগোতে ভারতীয় বংশোদ্ভূতদের প্রতি আহ্বান জানান। এদিকে, ত্রিনিদাদ ও টোবাগোর প্রধানমন্ত্রী কমলা প্রসাদ-বিসেসার ঘোষণা করেছেন যে প্রধানমন্ত্রী মোদিকে ক্যারিবিয়ান দেশের সর্বোচ্চ সম্মান 'দ্য অর্ডার অফ ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো'-তে ভূষিত করা হবে।

******************************

**Khelo Bharat Niti :**

২০২৫ এর জাতীয় ক্রীড়ানীতি অন্তর্ভূক্তিমূলক পরিসরের পাশাপাশি দিব্যাঙ্গজনের খেলাধুলো এবং আদিবাসীদের প্রাচীন খেলাধুলোর দিকে বিশেষ নজর দেওয়ার প্রয়াস রয়েছে। বিগত ১১ বছরে প্রাচীন ক্রীড়া সংস্কৃতি সংরক্ষণ করে আধুনিক সময়ে এক সর্বাত্মক ক্রীড়াকেন্দ্রিক বিকাশের ভাবনাই উজ্জ্বল হয়ে উঠেছে। পথ তৈরী করছে প্রকৃত বিকশিত ভারতের। একটি প্রতিবেদন।

#########VC#########

*****************************

**Ratha Yatra Festival :**

আগামীকাল জগন্নাথ দেবের পুন: রথযাত্রা উৎসব বা উল্টো রথ। এর মধ্যে দিয়ে শেষ হবে নয় দিন ব্যাপী রথযাত্রা উৎসব। আগামীকাল বিকেলে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, হরেকৃষ্ণ মন্দির থেকে ভগবান জগন্নাথ, বলভদ্র, শুভদ্রা দেবীকে নিয়ে সুসজ্জিত রথ বের হবে।

***************************

**Rath-Melaghar :**

এদিকে, জাতি ধর্ম নির্বিশেষ সব অংশের মানুষের অনাবিল আনন্দ ও উচ্ছাসের মধ্য দিয়ে আজ সম্পন্ন হয়েছে মেলাঘরের ঐতিহ্যবাহী রথের মেলার। ৭ দিন মাসির বাড়িতে কাটানোর পর আজ প্রভু জগন্নাথ, বলরাম ও সুভদ্রা রথে চড়ে গুন্ডিচা মন্দির থেকে পুনরায় ফিরে এসেছেন মেলাঘরের ঐতিহ্যবাহী জগন্নাথ মন্দিরে।

****************************

**Blood Donation :**

সামাজিক সংস্থা সুমিত ফাউন্ডেশনের উদ্যোগে কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে আজ এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। শিবিরে ২০ জন স্বেচ্ছায় রক্তদান করেন। এদিকে আজ সকালে কৈলাশহরের পাইতুরবাজার মোটরস্ট্যান্ড সংলগ্ন স্থান থেকে সুমিত ফাউন্ডেশনের উদ্যোগে ১০ কিলোমিটার ম্যারাথন দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় সিপাহীজলা ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর

কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।

************************